২০২৪-২০২৫ অর্থবছর

# বিআরডিটিআই, সিলেটের কার্যক্রম বিষয়ক প্রতিবেদন

(বিআরডিবি'র বার্ষিক প্রতিবেদনের জন্য)

পল্লী উন্নয়ন সেক্টরে দেশের অন্যতম প্রাচীন একটি প্রশিক্ষণ প্রতিষ্ঠান বিআরডিটিআই। ইনস্টিটিউটটি বর্তমানে বিআরডিবি'র অধীনে বিভাগীয় লোকবল ও সুবিধাভোগীদের স্বল্প ও দীর্ঘমেয়াদি নানাবিধ প্রশিক্ষণ, ক্যাডার কর্মকর্তাদের বুনিয়াদি কোর্সের আওতায় পল্লী উন্নয়ন ও দারিদ্র বিমোচন সংক্রান্ত বিশেষ প্রশিক্ষণ এবং বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগের কর্মকর্তা-কর্মচারীদের সঞ্জিবনী প্রশিক্ষণসহ বিভিন্ন ধরনের কার্যক্রম বাস্তবায়ন করে আসছে।



চিত্র: বিআরডিটিআই প্রশাসনিক কাম একাডেমিক ভবন

স্বাধীনতাপূর্বকালে গ্রাম উন্নয়নের উদ্দেশ্যে গৃহীত ভি-এইড কর্মসূচির আওতায় কর্মকর্তা-কর্মচারীদের প্রশিক্ষণ প্রদানের লক্ষ্যে ১৯৫৪ সনে এ প্রতিষ্ঠানটির জন্ম। ভি-এইড কর্মসূচির অবলুপ্তি ঘটলে এটিকে পাকিস্তানের মৌলিক গণতন্ত্র প্রশিক্ষণ ইনস্টিটিউট (বিডিটিআই) নামকরণ করা হয়। ১৯৬৮ সনে আরেক দফা নাম পরিবর্তন করে এটিকে পল্লী উন্নয়ন প্রশিক্ষণ ইনস্টিটিউট (আরডিটিআই) করা হয়। স্বাধীনতার পর পল্লী উন্নয়ন কার্যক্রমের সম্প্রসারণ ও গুরুত্ব বৃদ্ধির পেক্ষাপটে স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় ১৯৭৪ সনের মে মাসে ইনস্টিটিউটকে বিআরডিবি'র পূর্বসূরি 'সমন্বিত পল্লী উন্নয়ন কর্মসূচি' (আইআরডিপি)-এর নিকট হস্তান্তর করে। পরবর্তীতে ১৯৯২ সনে এটিকে জাতীয় পর্যায়ের প্রশিক্ষণ একাডেমির মর্যাদায় বাংলাদেশ পল্লী উন্নয়ন প্রশিক্ষণ ইনস্টিটিউট বা বিআরডিটিআই নামে বিআরডিবি'র মূল সাংগঠনিক কাঠামোভুক্ত করা হয়।

সিলেট শহর হতে আট কিলোমিটার দক্ষিণ-পূর্বে খাদিমনগরে সিলেট-তামাবিল মহাসড়কের উত্তর পার্শ্বে ১১.৬৮ একর ভূমির উপর বিআরডিটিআই অবস্থিত। এর আশেপাশে রয়েছে কৃষি প্রশিক্ষণ ইনস্টিটিউট, বিসিক শিল্পনগরী, সরকারি মৎস্য খামার ও প্রশিক্ষণ কেন্দ্র, খাদিম চা বাগান, সিলেট সদর উপজেলা পরিষদ এবং প্রখ্যাত সুফি সাধক হযরত শাহ পরান (রঃ) এর মাজার শরীফ।

বিআরডিটিআই'র ফ্যাসিলিটিজ: ইনস্টিটিউটের বর্তমান ফ্যাসিলিটিজের মধ্যে রয়েছে দ্বিতলবিশিষ্ট প্রশাসনিক কাম একাডেমিক ভবন। এর নিচতলায় অফিস ও অনুষদ সভাকক্ষ অবস্থিত। দ্বিতীয় তলায় রয়েছে তিনটি শ্রেণিকক্ষ এবং এর সংলগ্ন একটি করে সিন্ডিকেট কক্ষ। এছাড়া রয়েছে আধুনিক প্রশিকক্ষণ সামগ্রি সংরক্ষণাগার, একটি সমৃদ্ধ লাইব্রেরি, একটি কম্পিউটার ল্যাব এবং পিএ সিস্টেম সম্বলিত একটি সম্মেলন কক্ষ। প্রশিক্ষণার্থীদের জন্য রয়েছে চারটি হোস্টেল, দ্বিতল ক্যাফেটেরিয়া, মসজিদ এবং ছয়শ' আসনবিশিষ্ট অত্যাধুনিক অডিটরিয়াম। ক্যাফেটেরিয়ায় একত্রে ৩৫০ জনের আপ্যায়ন এবং হোস্টেল চারটিতে ১৬০ জনের আবাসন ফ্যাসিলিটিজ প্রদানের সুযোগ রয়েছে। কর্মকর্তা-কর্মচারীদের আবাসিক ভবনসমুহও ইনস্টিটিউটের অভ্যন্তরে অবস্থিত।

বিআরডিটিআই'র কম্পিউটার ল্যাব:

২০২০ সালে ইনস্টিটিউটের প্রশাসন ভবনের দ্বিতীয় তলায় অত্যাধুনিক মাল্টিমিডিয়া সুবিধাসম্বলিত কম্পিউটার ল্যাব স্থাপনের কাজটি সম্পন্ন করা হয়। এতে ৩০টি ব্র্যান্ড নিউ কম্পিউটার, চেয়ার-টেবিল, এসি, ফ্যান এবং লাইটিং ও সাউন্ড সিস্টেম স্থাপন করা হয়েছে। প্রতিটি কম্পিউটার ল্যান-ক্যাবল ও ওয়াইফাই ইন্টারনেট  দ্বারা সংযুক্ত করা হয়েছে। এজন্য ইনস্টিটিউটের ব্রডব্যান্ড ইন্টারনেট ক্যাপাসিটি বৃদ্ধি করে ৩০ এমবিপিএস করা হয়েছে। এ ল্যাবে বর্তমানে ইনস্টিটিউটের কর্মকর্তা-কর্মচারীদের আইসিটি প্রশিক্ষণ অনুষ্ঠিত হচ্ছে। যে সরকারি-বেসরকারি প্রতিষ্ঠানে এখানে আইসিটি প্রশিক্ষণ আয়োজন করতে পারে।

বর্তমান প্রশিক্ষণ কার্যক্রম:

বিআরডিটিআই-এ বার্ষিক গড়ে পাঁচহাজার কর্মকর্তা-কর্মচারী ও সুফলভোগীকে প্রশিক্ষণ প্রদান করা হয়ে থাকে। এরমধ্যে বিভাগীয় কর্মকর্তা-কর্মচারীদের এক হতে দু'মাসের বুনিয়াদি প্রশিক্ষণ, রিফ্রেশার্স ও দক্ষতা উন্নয়ন কোর্স উল্লেখযোগ্য। পল্লী উন্নয়ন ও দারিদ্র্য বিমোচন সংক্রান্ত বিআরডিটিআই-সংযুক্তি ও অন্যান্য সংক্ষিপ্ত কোর্স উপলক্ষে জাতীয় শিক্ষা ব্যবস্থাপনা একাডেমি (নায়েম), বাংলাদেশ লোকপ্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র (বিটিএটিসি), বিসিএস প্রশাসন একাডেমি, এনআইএলজি, বিয়াম ফাউন্ডেশন, পোস্টাল একাডেমি, জাতীয় উন্নয়ন ও পরিকল্পনা একাডেমি (এনএপিডি)-সহ দেশের গুরুত্বপূর্ণ প্রশিক্ষণ একাডেমি হতে বিভিন্ন ক্যাডার ও নন-ক্যাডার কর্মকর্তাবৃন্দ নিয়মিতভাবে বিআরডিটিআই-এ আগমন করেন। গত ২০১৮-১৯ অর্থবছরে বিভিন্ন মন্ত্রণালয়ের কর্মকর্তা-কর্মচারীদের জন্য সঞ্জীবনী প্রশিক্ষণ আয়োজনের মাধ্যমে বাংলাদেশে পর্যটনকেন্দ্রিক প্রশিক্ষণের একটি নতুন ধারণা বিআরডিটিআই সূচনা করতে সক্ষম হয়েছে। এবং ২০২৪-২০২৫ অর্থ বছরেও বিভিন্ন মন্ত্রণালয়ের কর্মকর্তা-কর্মচারীদের জন্য সঞ্জীবনী প্রশিক্ষণ আয়োজন করা হয়েছে।

২০২৪-২০২৫ অর্থবছরে বিআরডিটিআই'র প্রশিক্ষণ কার্যক্রম:

গত ২০২৪-২০২৫ অর্থবছরে বিআরডিটিআই ২ হাজার ১৪৩ জন কর্মকর্তা-কর্মচারীদেরকে পর্যটনকেন্দ্রিক সঞ্জীবনী কোর্স, অন্যান্য একাডেমিসমূহের বুনিয়াদি কোর্সের আওতায় বিআরডিটিআই-সংযুক্তি কোর্স সম্পন্ন করা করেছে।

বিআরডিটিআই'র জনবল:

| ক্রমিক নং | অনুমোদিত পদের নাম | অনুমোদিত পদের সংখ্যা | কর্মরত জনবলের সংখ্যা | শূণ্যপদের সংখ্যা | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ১ | পরিচালক | ০১ | ০১ | - | - |
| ২ | জ্যেষ্ঠ অনুদেষ্টা | ০২ | ০১ | ০১ | - |
| ৩ | অনুদেষ্টা | ০৮ | ০৪ | ০৪ | - |
| ৮ | আর্টিস্ট | ০১ | ০১ | - | - |
| ৯ | লাইব্রেরিয়ান | ০১ | ০১ | - | - |
| ১০ | হিসাবরক্ষণ কাম প্রশাসনিক কর্মকর্তা | ০১ | - | ০১ | - |
| ১১ | গবেষণা সহকারী | ০১ | - | ০১ | - |
| ১২ | হিসাবরক্ষক | ০১ | ০১ | - | - |
| ১৩ | ক্যাশিয়ার | ০১ | - | ০১ | - |
| ১৪ | হোস্টেল সুপার | ০১ | ০১ | - | - |
| ১৫ | স্টেনোগ্রাফার কাম কম্পিউটার অপারেটর | ০১ | - | ০১ | - |
| ১৬ | স্টেনোটাইপিস্ট কাম কম্পিউটার অপারেটর | ০২ | ০১ | ০১ | - |
| ১৭ | উচ্চমান সহকারী | ০১ | - | ০১ | - |
| ১৮ | অফিস সহকারী কাম কম্পিউটার অপারেটর | ০২ | - | ০২ | - |
| ১৯ | স্টোর কিপার | ০১ | - | ০১ | - |
| ২০ | ক্যাফেটেরিয়া ম্যানেজার | ০১ | - | ০১ | - |
| ২১ | পাম্প অপারেটর | ০১ | - | ০১ | - |
| ২২ | ড্রাইভার | ০৩ | - | ০৩ | - |
| ২৩ | অফিস সহায়ক | ১১ | - | ১১ | - |
| | মোট= | ৪১ জন | ১১ জন | ৩০ জন | - |

২০২৪-২০২৫ অর্থ বছরে বিআরডিবি'র কর্মকর্তা-কর্মচারীদের প্রশিক্ষণ:

| ক্রমিক নং | প্রশিক্ষণার্থীর বিবরণ | প্রশিক্ষণের ধরণ | ব্যাচের সংখ্যা | প্রশিক্ষণার্থীর সংখ্যা | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) |
| ১ | জেডি/ডিডি | সঞ্জীবনী প্রশিক্ষণ | ০১ | ৩৯ | মেয়াদ: ০৩ দিন |
| | ডিডি/ডিপিডি ও অন্যান্য | সঞ্জীবনী প্রশিক্ষণ | ০২ | ৭৭ | মেয়াদ: ০৩ দিন |
| ২ | ইউআরডিও ও সমমান | সংগঠন ও ঋণ ব্যবস্থাপনা | ০৪ | ১৪৪ | মেয়াদ: ০৫ দিন |
| ৩ | এআরডিও | সংগঠন ও ঋণ ব্যবস্থাপনা | ০৪ | ১৪৪ | মেয়াদ: ০৫ দিন |
| ৪ | হিসাবরক্ষক | দাপ্তরিক হিসাব ব্যবস্থাপনা | ০৪ | ১৪৪ | মেয়াদ: ০৫ দিন |
| ৫ | অফিস সহকারী, উচ্চমান সহকারী, স্টেনোটাইপিস্ট, স্টেনোগ্রাফার ও অন্যান্য | সঞ্জীবনী প্রশিক্ষণ | ০২ | ৫৮ | মেয়াদ: ০৫ দিন |
| ৬ | মাঠ সংগঠক | সঞ্জীবনী প্রশিক্ষণ | ০২ | ৭২ | মেয়াদ: ০৩ দিন |
| | | মোট= | ১৯ | ৬৭৮ | - |

২০২৪-২০২৫ অর্থ বছরে বিআরডিবি'র সমিতি'র সদস্যদের প্রশিক্ষণ:

| ক্রমিক নং | প্রশিক্ষণার্থীর বিবরণ | প্রশিক্ষণের ধরণ | ব্যাচের সংখ্যা | প্রশিক্ষণার্থীর সংখ্যা | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) |
| ১ | পজীপ-৩য় পর্যায় এর সুফলভোগী | দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ | ০৯ | ২৭০ | মেয়াদ: ০৯ দিন |
| | | মোট= | ০৯ | ২৭০ | - |

২০২৪-২০২৫ অর্থ বছরে বিআরডিবি বহির্ভূত সরকারী প্রতিষ্ঠানের কর্মকর্তা-কর্মচারীদের প্রশিক্ষণ:

| ক্রমিক নং | প্রশিক্ষণার্থীর বিবরণ | প্রশিক্ষণের ধরণ | ব্যাচের সংখ্যা | প্রশিক্ষণার্থীর সংখ্যা | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) |
| ১ | বিসিএস (সাধারণ শিক্ষা) ক্যাডার কর্মকর্তাগণ | বুনিয়াদি প্রশিক্ষণ কোর্সের আওতায় সংযুক্তি কার্যক্রম (পল্লী উন্নয়ন ও দারিদ্র্য হ্রাস করণ বিষয়ক) | ০৩ | ২৪২ | মেয়াদ: ০৫ দিন |
| ২ | বিভিন্ন মন্ত্রণালয় ও দপ্তরের ১০-২০ গ্রেডের কর্মকর্তা-কর্মচারী | সঞ্জীবনী প্রশিক্ষণ কোর্স | ৩৪ | ৯৫৩ | মেয়াদ: ০৫ দিন |
| | | মোট= | ৩৭ | ১১৯৫ | - |